

## নোয়াখালীতে প্রাথমিক শিক্ষার বেহাল দশা: ১৫০ গ্রামে বিদ্যালয় নেই

মনিরুজ্জামান চৌধুরী, নোয়াখালী থেকে

নোয়াখালী জেলায় প্রাথমিক শিক্ষার বেহাল অবস্থা চলছে। জেলার ৯টি উপজেলায় ৪৩৭ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে। ২৮০টি বিদ্যালয় ভবনের দালানকে ব্যবহার অনুপযোগী হওয়ায় প্রকৌশলীরা পরিত্যক্ত ঘোষণা করেছেন। ১৮৪টি বিদ্যালয়ের কোন পাকা আধাপাকা শক্ত ভবনই নেই। জেলার ১৫০টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। নোয়াখালী প্রাথমিক শিক্ষা দফতর জানায়, বর্তমানে নোয়াখালী জেলায় প্রাথমিক

শিক্ষার বেহাল অবস্থা বিরাজ করছে। জেলার ৯টি উপজেলায় ৪৩৭ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে প্রধান শিক্ষকের শূন্য পদের সংখ্যাই হচ্ছে ৬১ জন। রাজস্ব খাতের সরকারী শিক্ষক-শিক্ষিকার শূন্য পদ রয়েছে ১২০ জনের। নবদৃষ্ট পদের সংখ্যা ৪ জন, অস্থায়ী রাজস্ব পদ

২২ জনের, পিডিইপি-২ প্রকল্পে শূন্য পদের সংখ্যা ২৩০ জন। এ নিয়ে মোট শূন্য পদের সংখ্যা ৪৩৭ জনের। সরকারি নির্দেশে পিডিআইতে প্রশিক্ষণে রয়েছে ৩৩৩ জন শিক্ষক-শিক্ষিকা। জেলার ৯টি উপজেলায় ১৫০টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয়ই নেই। এ ১৫০টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় থাকলে গড়ে ৪ জন করে শিক্ষকের চাকরি হলে ৬০০ শিক্ষিত বেকার যুবকের চাকরির পাশাপাশি ৪৫ হাজার ছাত্রছাত্রীর প্রাথমিক শিক্ষার সুযোগ সৃষ্টি হবে। জেলায় ২৮০টি প্রাথমিক বিদ্যালয় ভবন পুরনো নড়বড়ে

দালান, যা প্রকৌশলীরা ইতিমধ্যে পরিত্যক্ত ঘোষণা করেছেন। ১৮৪টি বিদ্যালয়ের কোন ভবনই নেই। ভাঙচুরা ঘরে এবং পার্শ্ববর্তী বাড়ির কাছারি ঘরে ক্লাস নিতে হয়। যার ফলে মূল দালানো ছাত্রছাত্রীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

**জেলায় ৪৩৭ জন শিক্ষকের  
পদ শূন্য : ২৮০টি বিদ্যালয়  
ভবন পরিত্যক্ত**